

## Questions for DSC-2, GE-2, GE-4 (1&2 MARKS)

- ১) 'কথোপকথন' গ্রন্থটির রচয়িতা, প্রকাশকাল, এবং অধ্যায় সংখ্যা উল্লেখ কর। ২) 'তোতা ইতিহাস' গ্রন্থটির লেখক কে? প্রকাশকাল উল্লেখ কর। ৩) 'ইতিহাসমালা' গ্রন্থটির রচয়িতা, প্রকাশকাল ও বিষয়বস্তু উল্লেখ কর। ৪) ফোর্ট উইলিয়াম কলেজে কোন দুজন লেখক হিতোপদেশ অনুবাদ করেন? দুটিরই প্রকাশকাল লেখ। ৫) সতীদাহের বিরুদ্ধে রামমোহনের লেখা প্রবন্ধদ্বয়ের নাম ও প্রকাশকাল লেখ। ৬) বিদ্যাসাগর কোন গ্রন্থ অবলম্বনে কবে 'বাঙ্গালার ইতিহাস' লেখেন? ৭) ছদ্মনামে রচিত বিদ্যাসাগরের গ্রন্থগুলির নাম ও প্রকাশকাল লেখ। ৮) বিদ্যাসাগর হিন্দি থেকে কোন গ্রন্থের অনুবাদ কবে করেন? ৯) 'বিদ্যাসাগর চরিত' এর রচয়িতা কে? এটি কবে প্রকাশিত হয়? ১০) বঙ্কিমচন্দ্রের সমাজব্যঙ্গমূলক ও বিজ্ঞান বিষয়ক প্রবন্ধগুলি কোন কোন গ্রন্থে স্থান পেয়েছে? ১১) 'কমলাকান্তের দপ্তর' কোন বিদেশি গ্রন্থ অবলম্বনে রচিত? ১২) বঙ্কিমচন্দ্রের কোন প্রবন্ধ তুলনামূলক সমালোচনা সাহিত্যের দৃষ্টান্ত? ১৩) 'পঞ্চভূত' গ্রন্থের প্রকাশকাল ও বিষয়বস্তু লেখ। ১৪) রবীন্দ্রনাথের আত্মজীবনীমূলক গ্রন্থগুলির নাম ও প্রকাশকাল লেখ। ১৫) 'কালান্তর' কার লেখা? কবে প্রকাশিত হয়? এটি কোন ধরনের রচনার সংকলন? ১৬) রবীন্দ্রনাথের বিজ্ঞানবিষয়ক প্রবন্ধ গ্রন্থটির নাম কী? ১৭) 'শব্দতত্ত্ব' গ্রন্থটি কার লেখা কী বিষয়ক? কবে প্রকাশিত হয়? ১৮) 'গো-জীবন' গ্রন্থের রচয়িতা কে? কবে প্রকাশিত হয়? ১৯) প্রমথ চৌধুরীর প্রথম প্রবন্ধ কোনটি? তাঁর বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থটির নাম কী? ২০) 'বীরবলের হালখাতা' কবে প্রকাশিত হয়? ২১) প্রমথ চৌধুরীর ভাষাবিষয়ক দুটি প্রবন্ধের নাম উল্লেখ কর। ২২) বঙ্কিমচন্দ্রের ইংরেজিতে রচিত উপন্যাসটির নাম কী? এটি কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়? ২৩) ত্রয়ো উপন্যাস বলতে কী বোঝ? ২৪) বঙ্গদর্শনে প্রকাশিত বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস কোনটি? এটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? ২৫) 'চোখের বালি' কোন পত্রিকায় প্রকাশিত হয়? গ্রন্থাকারে কবে বের হয় এটি? ২৬) কুন্দনন্দিনী ও বিনোদিনী কোন কোন উপন্যাসের চরিত্র? ২৭) 'পথের দাবী' কার লেখা, কবে প্রকাশিত হয়? ২৮) অচলা ও সব্যাসাচী কোন কোন উপন্যাসের চরিত্র? ২৯) সাধনা পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি ছোটগল্পের নাম লেখ। ৩০) 'আরণ্যক' ও 'ধাত্রীদেবতা' গ্রন্থদুটির লেখক ও প্রকাশকাল উল্লেখ কর। ৩১) মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী? তাঁর প্রথম রচিত ও প্রথম প্রকাশিত উপন্যাস দুটির নাম লেখ। ৩২) কুবের ও সর্বজয়া কোন কোন উপন্যাসের চরিত্র? ৩৩) হোসেন মিয়া কার লেখা কোন উপন্যাসের চরিত্র? ৩৪) মধুসূদনের সনেটগুলি কী নামে সংকলিত হয়? কবে প্রকাশিত হয়? ৩৫) মধুসূদনের পত্রকাব্যটির নাম কী? এটি পাশ্চাত্যের কোন কাব্যের ছায়া অবলম্বনে রচিত? ৩৬) মধুসূদনের দুটি আখ্যান কাব্যের নাম প্রকাশকালসহ লেখ। ৩৭) বিহারীলালের প্রথম কাব্য গ্রন্থটির নাম কী, কবে প্রকাশিত হয়? ৩৮) 'সারদামঙ্গলের বিষয়বস্তু কী? এটির উপসংহারস্বরূপ কোন কাব্যগ্রন্থ রচিত হয়? ৩৯) 'সন্ধ্যাসঙ্গীত' ও 'নৈবেদ্য' কাব্যদুটির প্রকাশকাল লেখ। ৪০) সত্যেন্দ্রনাথ দত্তের অনুবাদমূলক দুটি কাব্যগ্রন্থের নাম লেখ। ৪১) 'বেণু ও বীণা' ও 'কুহু ও কেকা' কাব্যগ্রন্থদুটির রচয়িতা ও প্রকাশকাল উল্লেখ কর। ৪২) কাজী নজরুলের প্রথম কাব্য কোনটি? এটির প্রকাশকাল লেখ। ৪৩) 'সাতটি তারার তিমির' কার লেখা? কবে প্রকাশিত হয়? ৪৪) কে জীবনানন্দকে

‘চিত্ররূপময়’ আখ্যা দেন? ৪৫) মধুসূদনের লেখা প্রহসনদুটির নাম প্রকাশকালসহ লেখ। ৪৬) ‘কৃষ্ণকুমারী’ কবে প্রকাশিত হয়? কোন গ্রন্থ থেকে এর ইতিহাসের উপাদান নেওয়া হয়? ৪৬) ‘বিয়ে পাগলা বুড়ো’ কার লেখা, কবে প্রকাশিত হয়? ৪৭) ‘নীলদর্পণ’-এর ইংরেজি অনুবাদটির নাম কী? ৪৮) ‘প্রফুল্ল’ কার লেখা, কবে প্রকাশিত হয়? ৪৯) গিরিশচন্দ্রের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখ। ৫০) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি প্রহসনের নাম লেখ। ৫১) ‘নূরজাহান’ ও ‘সাজাহান’ কার লেখা, কবে প্রকাশিত হয়? ৫২) ‘রক্তকরবী’ কবে প্রকাশিত হয়? এটির বিষয়বস্তু কী? ৫৩) রবীন্দ্রনাথের প্রথম পূর্ণাঙ্গ পঞ্চাঙ্ক নাটক কোনটি, কবে প্রকাশিত হয়? ৫৪) ‘কারাগার’ কার লেখা, কবে প্রকাশিত হয়? ৫৫) মন্থরায়ের দুটি একাঙ্ক নাটকের নাম লেখ। ৫৬) প্রথম বাংলা সাময়িক পত্র কোনটি, কবে প্রকাশিত হয়? ৫৭) প্রথম দৈনিক বাংলা সাময়িক পত্র কোনটি? এটি কার সম্পাদনায় এবং কার পৃষ্ঠপোষকতায় প্রকাশিত হয়? ৫৮) ‘বঙ্গদর্শন’ কবে প্রথম বের হয়? এর প্রথম সম্পাদক কে? ৫৯) ‘তত্ত্ববোধিনী’ কার পৃষ্ঠপোষকতায় এবং কার সম্পাদনায় প্রকাশিত হয়? ৬০) অক্ষয়কুমার দত্তের তত্ত্ববোধিনীর সম্পাদনাকাল নির্দেশ কর। ৬১) ‘সবুজপত্র’ কার সম্পাদনায় কবে প্রকাশিত হয়? ৬২) বাংলা ভাষার উদ্ভব কোন শাখার অপভ্রংশ থেকে বলতে কী বোঝ? উদাহরণ দাও। ৬২) প্রাচীন বাংলার কালসীমা ও নিদর্শন উল্লেখ কর। ৬৩) বরেন্দ্রী উপভাষার আঞ্চলিক সীমানা নির্দেশ কর। ৬৩) আদি-মধ্য বাংলার দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ কর। ৬৪) প্রাচীন বাংলার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ কর। ৬৩) অন্ত্য-মধ্য বাংলার কালসীমা, নিদর্শন উল্লেখ কর। ৬৪) উপভাষা বলতে কী বোঝ? রাঢ়ী উপভাষার দুটি বলতে উদাহরণ দাও। ৬৫) কৃতঞ্চণ তদ্ভব বলতে কী বোঝ? উদাহরণ দাও। ৬৬) অসিদ্ধ তৎসম বলতে কী বোঝ? উদাহরণ দাও। ৬৭) সাধু ও চলিত গদ্যের দুটি প্রধান পার্থক্য নির্দেশ কর। ৬৮) ঝোল, আলকাতরা, খিদে, ফি-বছর শব্দগুলি শব্দভাঙারে কোন শ্রেণির তা উল্লেখ কর। ৬৯) অপিনিহিতি ও অভিপ্রতির মধ্যে পার্থক্য নির্দেশ কর। ৭০) স্বতোনাসিক্যীভবন বলতে কী বোঝ? ৭১) উদাহরণসহ সমীভবনের প্রকারভেদ লেখ। ৭২) উদাহরণসহ স্বরসঙ্গতির প্রকারভেদ লেখ। ৭২) মধ্যস্বরাগমকে কেন বিপ্রকর্ষ বলা হয়? ৭৩) ইস্কুল, আঁক কী ধরনের ধ্বনিপরিবর্তন? ৭৪) অর্থসংশ্লেষ বলতে কী বোঝ? ৭৫) বাউল, মহাজন তে কী ধরনের শব্দার্থ পরিবর্তন ঘটেছে? ৭৬) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ উল্লেখ কর। ৭৭) বাংলায় বচন কয়টি? উদাহরণ দাও। ৭৮) আধুনিক বাংলায় করণ ও অধিকরণ কারকে কী ধরনের বিভক্তি প্রয়োগ করা হয় উদাহরণসহ লেখ। ৭৯) বাংলা ভাষায় উদাহরণসহ পুরুষের প্রকারভেদ লেখ। ৮০) সাম্প্রতিক বাংলার দুটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ কর।